

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩০৩০

আগরতলা, ২৮ নভেম্বর, ২০১৮

মুখ্যমন্ত্রী সকাশে বাংলাদেশের হাইকমিশনার

আজ সন্ধ্যায় মহাকরনে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেবের সাথে সৌজন্যমূলক সাক্ষাৎকারে মিলিত হন ত্রিপুরায় নিযুক্ত বাংলাদেশের সহকারী হাইকমিশনার মহঃ শাখাওয়াত হোসেন। সাক্ষাৎকারের সময় দু'জনের মধ্যে ভারত ও বাংলাদেশের সাথে দ্বিপাক্ষিক শান্তি, সম্প্রীতি ও ঐক্যকে আরো সুদৃঢ় করার বিষয়ে আলোচনা হয়। তাছাড়া সাক্ষাৎকারের সময় মহঃ হোসেন রাজ্য সরকারের নেশা বিরোধী অভিযানের ভূয়সী প্রশংসা করেছেন।
